# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 17 July, 2025

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। পরিবেশ সংরক্ষণ ও সবুজায়নের লক্ষ্যে কেন্দ্রীয় ছাত্রদলের নির্দেশনায় প্রতিবছরের মতো এবারও এই কর্মসূচি পালন করা হয়। বৃহস্পতিবার (১৭ জুলাই) নোবিপ্রবি ক্যাম্পাসে আয়োজিত কর্মসূচিতে নেতৃত্ব দেন ছাত্রদল নেতা ও সভাপতি পদপ্রার্থী জাহিদ হাসান এবং সদস্য সচিব সাহারাজ উদ্দিন জিহান।এ সময় ছাত্রদলের নেতাকর্মীরা বিভিন্ন প্রজাতির ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করেন।

এ বিষয়ে জাহিদ হাসান বলেন, “জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণতা আমাদের অস্তিত্বের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। পরিবেশ রক্ষায় গাছ লাগানোর কোনো বিকল্প নেই। আমাদের এই উদ্যোগ কেবল প্রতীকী নয়–আমরা চাই এটি একটি সামাজিক আন্দোলনে রূপ নিক।”তিনি আরও বলেন, “ছাত্রদলের পক্ষ থেকে এই পরিবেশবান্ধব কর্মসূচি ভবিষ্যতেও চলমান থাকবে।”

নোবিপ্রবি ছাত্রদলের সদস্য সচিব সাহারাজ উদ্দিন জিহান বলেন, “বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সবসময় ইতিবাচক, শিক্ষার্থীবান্ধব এবং পরিবেশবান্ধব রাজনীতিতে বিশ্বাসী।এই কর্মসূচির মাধ্যমে আমরা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরি করতে চাই।আমরা বিশ্বাস করি, ছাত্রদল হবে একটি আদর্শিক ও দায়িত্বশীল সংগঠন।”

বৃক্ষরোপণ কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা সাব্বির হাসান শান্ত, আমিনুল ইসলাম, সাখাওয়াত হোসেন সায়েম, মামুন হাসান, এহসানুল করিম আসিফ, মোহাম্মদ আলী, মাহমুদুল হাসান দুর্জয়, বুলবুল ইসলাম, মোজাম্মেল হোসেন রিমনসহ ছাত্রদলের অন্যান্য নেতাকর্মীরা।

ছাত্রদল বৃক্ষরোপণ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:14

URL: https://timestodaybd.com/campus/4928775807